Welcome to the 10th anniversary program of Bodhi

অসীমের সীমানায় রবীন্দ্রনাথ

Tagore's Journey in Spiritualism

The word 'spiritual' in daily communications is often confused or mixed-up with a religious connotation. In the Oxford English Dictionary, the word relates to 'the quality of being concerned with the human spirit or soul as opposed to material or physical things.' In Tagore's poetry and songs, we find spirituality in many different forms, all reflecting the true meaning of the word. At times, he is exploring spirituality as a lover dotted with pathos of separation in the style of Vaishnava Padaboli; looking for the illusive *Moner Manush*, a figureless entity of the true self that resides deep inside every mind and soul, in the philosophy of the Bauls (who can be from any religious community, Hindu, Muslim, Sufi, Tantrik, etc.); disillusioned with often heartless, uncaring and inhumane practices, and inequality in the established institutions, he delves deep into the Upanishada for soul searching; he searches far and wide in the world of religion and humanity culminating into a worldly outlook of an all-encompassing 'infinite' that cannot be touched and felt but, can be rejoiced in its plurality.

In today's presentation of Bodhi, we attempt to portray this journey of Tagore through a select bouquet of poems and songs.

Please put your mobile phones into silent mode, sit back and enjoy this journey with us for the next 1 hour and 30 minutes. We also request the people with small children to be mindful of their neighbours' experience.

The first song and poem celebrate the spirit of life.

Bodhi

Somenath

সাহিত্যের বিচিত্র পরিসরে - প্রধানত সংগীত ও কবিতায় রবীন্দ্রনাথের আধ্যাত্মচেতনা প্রকাশ পেয়েছে অগণিত রূপে। কোথাও তা কুসুমিত দ্বৈত প্রেমিক সত্তায় বিরহ মিলনে - কোথাও বা সমর্পিত জীবন দেবতার বন্দনায় - আবার কখনো তিনি ক্ষুব্ধ নিষ্প্রেম - মনুষ্যত্বহীন প্রাতিষ্ঠানিক ধর্মের বঞ্চনায়। বাঁধা পথের গন্ডি উপেক্ষা করে কখনো তিনি উৎসুক রহস্যময় জগত পারাবারের তীরে নাথ অনুসন্ধানে - অন্যত্র তিনি নিমগ্ন উপনিষদের ছায়ায় নিভৃত গভীর আত্মানুসন্ধানে।
আজকের অনুষ্ঠানে কবির গান ও কবিতার অফুরন্ত ভান্ডার থেকে তুলে আনা এমনই কিছু মনি-রত্নকে আমরা পরিবেশন করব তাঁর পারমার্থিক চেতনার স্বরূপ বিশ্লেষণে বোধির বিনীত প্রয়াসে।

Song 1

নব আনন্দে জাগো। আজি। নবরবিকিরণে।
শুভ্র সুন্দর। প্রীতি-উজ্জ্বল। নির্মল জীবনে।
উৎসারিত নব জীবননির্ঝর। উচ্ছ্বাসিত। আশাগীতি।
অমৃতপুষ্পগন্ধ বহে। আজি এই শান্তিপবনে।

Awaken with new joyousness
In crimson rays of a new dawn

To a life bright and beautiful
Aglow with love and affection

Spurts forth a fresh fountain of life
Cascades a new song of hope and faith
Wafts a fragrance everlasting
In this serene breeze today

Nahura

কবিতা ১

জীবনে আমার যত আনন্দ
পেয়েছি দিবস-রাত
সবার মাঝারে আজিকে
তোমারে স্মরিব জীবননাথ ॥

বার বার তুমি আপনার হাতে
স্বাদে গন্ধে ও গানে
বাহির হইতে পরশ করেছ
অন্তর মাঝখানে।

পিতা মাতা ভ্রাতা সব পরিবার,
মিত্র আমার, পুত্র আমার,
সকলের সাথে হৃদয়ে প্রবেশি
তুমি আছ মোর সাথে,
সব আনন্দ – মাঝারে তোমায়
স্মরিব জীবন – নাথ।

All the joys that I have culled
Night and day through all my life
Amidst all of them my Lord
It is you I recall today

Time and again with a nudge
A song, a scent, a flavour
You have touched my inner core

Along with all my kith and kin
My nearest and dearest ones
You make your way into my heart

Nandini

Presence of the divine is felt in the soul. Tagore describes it in the words of the Baul: “Search for the *Moner Manush* in your mind – you can’t find him by searching outside; it is by looking inwards that you find him through yourself.”

Bodhi

Somenath

দেবতার অনন্ত উপস্থিতি মানুষের মর্মের মাঝখানে - তাই অধীর বাউল বলে - “মনের মানুষ মনের মাঝে করো অন্বেষণ”- “ এই যে তাঁকে সন্ধান করা - এ তো বাইরে জানা, বাইরে পাওয়া নয়; এ যে আপন অন্তরে আপনি হওয়ার দ্বারা জানা ।“

Song 2

আমি কান পেতে রই |
ও আমার আপন হৃদয়গহন-দ্বারে |
কোন্ গোপনবাসীর | কান্নাহাসির গোপন কথা | শুনিবারে |
ভ্রমর সেথা হয় বিবাগি | নিভৃত নীল পদ্ম লাগি রে |
কোন্ রাতের পাখি গায় | একাকী |
সঙ্গীবিহীন অন্ধকারে ।
কে সে মোর | কেই বা জানে |
কিছু তার দেখি আভা। কিছু পাই অনুমানে | কিছু তার বুঝি না বা।
মাঝে মাঝে তার বারতা | আমার ভাষায় পায় কি কথা রে |
ও সে আমায় জানি পাঠায় বাণী |
গানের তানে লুকিয়ে তারে |

Many a time I eavesdrop at the distant gates of my own heart
Who is it, that mysterious dweller
The one whose secrets I so wish to hear
Many a time I strive to hear
The story behind the laughter and tears

There it is, the bee wanders from its path in quest of a hidden flower
Which bird is it that sings alone at night in a darkness sans friend
Many a time I strive to hear

Who is he to me, who knows
A bit do I glimpse of his glow
A bit more I guess and gauge
Even less do I realise

Oftentimes his missive finds expression in my speech;
His words come to me wrapped in melody of song
Many a time when I listen in quiescence

Nandini

At a juncture of his spiritual exploration, Tagore writes, “The relations between the soul and the divine are like lovers. The love takes different forms spanning the entire gamut of doctrines from dualism to unitarianism, there are pathos of separation on one end and joy of union on the other; there are worldly bindings on one end and spiritual emancipation on the other.”

Bodhi

Somenath

রবীন্দ্র - আধ্যাত্মচেতনার আছে একটি বহুমাত্রিক রূপ যা কবির ভাষায় ব্যক্ত করেছে “পরমাত্মার সঙ্গে জীবাত্মার পরিপূর্ণ প্রেমের সম্বন্ধ উপলব্ধি”। এই প্রেমের প্রকাশঃ “একদিকে দ্বৈত আর একদিকে অদ্বৈত” – “ একদিকে বিচ্ছেদ আর একদিকে মিলন, একদিকে বন্ধন আর একদিকে মুক্তি।“

Song 3

একি এ সুন্দর শোভা |
কী মুখ হেরি এ |
আজি মোর ঘরে আইল হৃদয়নাথ |
প্রেম-উৎস উথলিল আজি |
বলো হে প্রেমময় হৃদয়ের স্বামী | কী ধন তোমারে | দিব উপহার |
হৃদয় প্রাণ | লহো লহো তুমি কী বলিব |
যাহা-কিছু আছে মম সকলই লও | হে নাথ |

Oh what a charming sight!
Whom do I behold?
My beloved has come to my abode,
A wellspring of love surges!

Tell me, o Lord of my heart,
What may I gift you with?
My heart, my life –
Take all that I have!

Song 4

তুমি ছেড়ে ছিলে | ভুলে ছিলে ব'লে হেরো গো |
কী দশা হয়েছে |
মলিন বদন | মলিন হৃদয় | শোকে | প্রাণ ডুবে রয়েছে |
বিরহীর বেশে এসেছি হেথায় | জানাতে বিরহ | বেদনা |
দরশন নেব | তবে চ'লে যাব | অনেক দিনের বাসনা |
"নাথ নাথ' ব'লে ডাকিব তোমারে | চাহিব হৃদয়ে রাখিতে |
কাতর প্রাণের রোদন শুনিলে | আর কি পারিবে থাকিতে |
ও অমৃতরূপ দেখিব যখন | মুছিব নয়ন | বারি হে |
আর উঠিব না | পড়িয়া রহিব | চরণতলে তোমারি হে |

You had deserted and forgotten me, and now look at my state!
Woeful countenance and heart,
Soul immersed in sorrow.
I have come to you
To express the anguish of separation.
Only after I behold you shall I leave –
‘Tis a desire of mine for long.

Time and again I shall take your name,
I wish to treasure you in my heart.

Bodhi

Hearing the cry of my distressed soul,
Would you be able to stay away?
When I behold your ethereal beauty
I shall wipe my tears, and remain, at your feet

Nahura and Somenath

কবিতা ২ (আশঙ্কা)

কে জানে এ কি ভালো !
আকাশ – ভরা কিরনধারা
আছিল মোর তপন – তারা
আজিকে শুধু একেলা তুমি
আমার আঁখি আলো -
কে জানে এ কি ভালো !

ক্ষুদ্র আশা ক্ষুদ্র স্নেহ
মনের ছিল শতেক গেহ,
আকাশ ছিল, ধরনী ছিল
আমার চারি ধারে –
কোথায় তারা, সকলে আজি
তোমাতেই লুকালো ।
কে জানে এ কি ভালো !

কম্পিত এ হৃদয়খানি
তোমার কাছে তাই।
দিবসনিশি জাগিয়া আছি,
নয়নে ঘুম নাই।
সকল গান সকল প্রাণ
তোমারে আমি করেছি দান –
তোমারে ছেড়ে বিশ্বে মোর
তিলেক নাহি ঠাঁই।

Apprehension

The skies once dazzled with the sun and stars
Today, you alone light up my eyes –
Is this good? Not sure!

Slight hopes, light affections,
My mind was in a hundred places.
The skies, the world, enveloped me.
Where have they gone into hiding today?
All within you!
Is that good? Not sure!

Bodhi

And so my heart, atremble, lies before you
Awake night and day, bereft of sleep
All my music, my life, I have offered to you.
Without you,
I have nowhere left to go in this world!

Song 5

তুমি এবার আমায় | লহো হে নাথ লহো।
এবার তুমি ফিরো না হে |
হৃদয় কেড়ে নিয়ে রহো |
যে দিন গেছে তোমা বিনা | তারে আর ফিরে চাহি না | যাক সে ধুলাতে ।
এখন   তোমার আলোয় | জীবন মেলে |
যেন জাগি অহরহ |
কী আবেশে কিসের কথায় |
ফিরেছি হে যথায় তথায় | পথে প্রান্তরে |
এবার বুকের কাছে | ও মুখ রেখে |
তোমার   আপন বাণী কহো |

Do take me unto you my Lord
Pray, do not turn away this time
Stay on, occupying my heart

The days I've passed in your absence
I wish not to look back at them
Let them sink into oblivion

Unfurling my life in your light
May I now be ever awake

In which stupor of words galore
Roved have I from pillar to post
Whisper now into my heart
Your own words in your voice

Nandini

Next song is from *Bhanushingher Padabali*, a collection created by Tagore at a young age of 20 in the *Brajabuli* language of Vidyapati, which is based on *Maithili*. He was inspired by the Vaishnav religion and their *Padabali* kirtana but the expression of Radha’s poetic heart longing for union with Krishna beyond the realm of life and death is poet’s creation.

Somenath

পরবর্তী গানটি আহরিত ভানুসিংহের পদাবলী থেকে। গানটি প্রকাশিত কবির মাত্র ২০ বছর বয়সে। যখন কবির ভাষায়ঃ “যদিও আমার বয়স অল্প ছিল তবু অস্পষ্ট অস্ফুট রকমেও বৈষ্ণব – ধর্ম তত্ত্বের মধ্যে আমি প্রবেশ লাভ করেছিলাম”। গানটির ভাষা বিদ্যাপতির অনুসরণে ‘ব্রজবুলি’ তে হলেও, ভাব টি কবির একান্তই নিজস্ব – এখানে মরণ উপমিত শ্যাম এর সঙ্গে, রাধার সংরক্ত কবি- হৃদয় উন্মুখ ‘জীবন মরণের সীমানা ছাড়ায়ে’ শ্যাম সমাগমে।

Bodhi

Song 6

মরণ রে, তুঁহু মম শ্যামসমান।
মেঘবরণ তুঝ মেঘজটাজূট | রক্তকমলকর | রক্ত-অধরপুট |
তাপবিমোচন | করুণ কোর তব | মৃত্যু-অমৃত করে দান |
তুঁহু মম শ্যামসমান |
আকুল রাধা-রিঝ অতি জরজর, ঝরই নয়নদউ অনুখন ঝরঝর–
তুঁহু মম মাধব, তুঁহু মম দোসর, তুঁহু মম তাপ ঘুচাও।
মরণ, তু আও রে আও।
ভুজপাশে তব লহ সম্বোধয়ি | আঁখিপাত মঝু দেহ তু রোধয়ি |
কোর-উপর তুঝ | রোদয়ি রোদয়ি | নীদ ভরব সব দেহ।
তুঁহু নহি বিসরবি, তুঁহু নহি ছোড়বি, রাধাহৃদয় তু কবহুঁ ন তোড়বি
হিয়-হিয় রাখবি অনুদিন অনুখন–অতুলন তোঁহার লেহ।
গগন সঘন অব তিমিরমগন ভব | তড়িতচকিত অতি, ঘোর মেঘরব |
শালতালতরু | সভয়-তবধ সব | পন্থ বিজন অতি ঘোর।
একলি যাওব তুঝ অভিসারে, তুঁহুঁ মম প্রিয়তম, কি ফল বিচারে--
ভয়বাধা সব অভয় মুরতি ধরি, পন্থ দেখায়ব মোর।
ভানু ভণে 'অয়ি | রাধা, ছিয়ে ছিয়ে | চঞ্চল চিত্ত তোহারি।
জীবনবল্লভ | মরণ-অধিক সো | অব তুঁহু দেখ বিচারি |

You resemble my Dark Lord *Shyam*,
Death, with your red mouth and unkempt hair,
Dressed in cloud.
Sheltered in your lap, my pain abates.
You are the fountain of nectar, Death,
of immortality. I say aloud
the perfect word of your name.
Madhava has forgotten Radha.
But you, Dark Lord, accomplice,
you will not abandon me.
Call me now. I'll come into your arms
in tears, but soon lapse into half-closed sleep,
drowsy with bliss, my pain erased.
You won't forget me.
I hear a flute from the distant playgrounds,
the city far away – it must be yours,
for it plays my name.

Now darkness comes on, and with it a storm.
Clouds roil, and lightning slashes at the palms;
the desolate path twists into darkness.
I'm fearless now. I'll meet you there, Death,
in the old trysting-place. I know the way.

Says Bhanu: "Shame on your faithlessness, Radha.
Death is not another name for love.
You'll learn for yourself."

Bodhi

Nandini

Tagore felt: “The history of civilisation shows that the spiritual emancipation of mankind always led them from outward to inward exploration. Initial search for success led them to experiment with hymns, incantations and rituals but finally the attainment was through inward search of ‘truth’, not through any rituals. In the words of the Gita, the knowledge as a means of salvation (*Jnanjog*) is superior to material worldly oblation. In the words of the Christ, external rules and prohibition is not purgation but spiritual cleansing of the soul is. The closed minds discover the all-encompassing unitarian human spirit.”

Somenath

কবির অনুভূতিতে “ইতিহাসে দেখা যায়, মানুষের আত্মোপলব্ধি বাহির থেকে অন্তরের দিকে আপনিই গিয়েছে, যে অন্তরের দিকে তার বিশ্বজনীনতা। সফলতা লাভের জন্যে সে মন্ত্রতন্ত্র ক্রিয়াকর্ম নিয়ে বাহ্য পরীক্ষায় প্রবৃত্ত হয়েছিল ; অবশেষে সার্থকতা লাভের জন্য একদিন সে বললে, তপস্যা বাহ্যানুষ্ঠানে নয়, সত্যই তপস্যা ; গীতার ভাষায় ঘোষণা করলে, দ্রব্যময় যজ্ঞের চেয়ে জ্ঞানযোগই শ্রেয়; খ্রীষ্টের বাণীতে শুনলে, বাহ্য বিধিনিষেধে পবিত্রতা নয়, পবিত্রতা চিত্তের নির্মলতায়। তখন মানবের রুদ্ধ মনে বিশ্ব মানবচিত্তের উদ্বোধন হল।“

Song 7

তোমার পূজার ছলে। তোমায় ভুলেই থাকি।
বুঝতে নারি কখন্ তুমি। দাও যে ফাঁকি।
তোমার পূজার ছলে। তোমায় ভুলেই থাকি।
ফুলের মালা দীপের আলো। ধূপের ধোঁওয়ার পিছন হতে।
পাই নে সুযোগ চরণ-ছোঁওয়ার।
স্তবের বাণীর আড়াল টানি। তোমায় ঢাকি।
তোমার পূজার ছলে। তোমায় ভুলেই থাকি।
দেখব ব'লে। এই আয়োজন মিথ্যা রাখি।
আছে তো মোর তৃষা-কাতর। আপন আঁখি।
কাজ কী আমার মন্দিরেতে আনাগোনায়।
পাতব আসন। আপন মনের একটি কোণায়।
সরল প্রাণে নীরব হয়ে । তোমায় ডাকি ।

In pretence of pious prayer
I remain oblivious of You
I fail to grasp when You slip away

I find not a way to Your feet
From behind the floral garlands
Luminous lamps, fragrant fumes

I conceal You in a veil of hymns

I make false fanfare to see You
When my own eyes thirst for a glimpse
Crying out to You in distress

Bodhi

What need have I of the temple
A place I will make
In one corner of my own heart
In simplicity and silence
I will call out to You.

Nandini

The introspective poet searched for the ‘God of the lonely soul’ only to find the difference between ‘outside’ and ‘inside’ blurred. The ‘infinite and universal unknown’ he searched for all around, is revealed as a ‘free bird’ within the cage of thousands of materialistic shackles.

Somenath

অন্তর্মুখী কবি যখন ই খোঁজ করেছেন ‘নিভৃত প্রাণের দেবতাকে’ আপন অন্তরে তখনি ঘুচে গেছে ‘অন্তর’ আর ‘বাহিরের’ ব্যবধান। নিখিল বিশ্ব ধরা দিয়েছে সহসা সীমার বন্ধনে – যে সমগ্র কে পাবার আশায় তিনি ঘুরে বেরিয়েছেন নিরন্তর ‘ সহস্র বন্ধন মাঝে’ – অবশেষে সেই এসে ধরা দিয়েছে ‘খাঁচার ভিতর’ ‘অচিন পাখি’ হয়ে ।

Song 8

নয়ন তোমারে পায় না দেখিতে রয়েছ | নয়নে নয়নে |
হৃদয় তোমারে পায় না জানিতে | হৃদয়ে রয়েছ | গোপনে হে |
বাসনার বশে মন অবিরত | ধায় দশ দিশে পাগলের মতো |
স্থির-আঁখি তুমি | মরমে সতত | জাগিছ শয়নে স্বপনে হে |
জানি শুধু তুমি আছ তাই আছি| তুমি প্রাণময় | তাই আমি বাঁচি |
যত পাই তোমায় আরো তত যাচি | যত জানি | তত জানি নে হে |
যত জানি তত জানি নে |
জানি আমি তোমায় পাব নিরন্তর |
লোকলোকান্তরে যুগযুগান্তর |
তুমি আর আমি | মাঝে কেহ নাই |
কোনো বাধা নাই ভুবনে হে |

My eyes see you not
Yet you fill my eyes
My heart knows you not
Yet you dwell there in secret

My mind races in all directions
Crazed by the relentless clutch of desire
You stay ever awake with a tranquil gaze
In my deepest being, in sleep, in dreams

All I know is - I am because you are
You overflow with life and so I live
The more I seem to attain you
The more I pray and seek
The more I know of you
The more I have left to know

Bodhi

I know I will attain you forever
In this world and beyond,
Through this epoch and beyond
You and me, none in between
No other barrier in this world

কবিতা ৩ (দেউল)

Nahura

রচিয়াছিনু দেউল একখানি
অনেক দিনে অনেক দুখ মানি।
রাখি নি তার জানালা দ্বার,
সকল দিক অন্ধকার,
ভূধর হতে পাষাণভার
যতনে বহি আনি
রচিয়াছিনু দেউল একখানি

দেবতাটিরে বসায়ে মাঝখানে
ছিলাম চেয়ে তাহারি মুখপানে।
বাহিরে ফেলি এ ত্রিভুবন
ভুলিয়া গিয়া বিশ্বজন
ধেয়ান তারি অনুক্ষণ
করেছি এক প্রাণে,
দেবতাটিরে বসায়ে মাঝখানে।

Somenath

একদা এক বিষম ঘোর স্বরে
বজ্র আসি পড়িল মোর ঘরে।
বেদনা এক তীক্ষ্ণতম
পশিল গিয়ে হৃদয়ে মম,
অগ্নিময় সর্পসম
কাটিল অন্তরে।
বজ্র আসি পড়িল মোর ঘরে।

Nahura

দেউলে মোর দুয়ার গেল খুলি –
ভিতরে আর বাহিরে কোলাকুলি,
দেবের করপরশ লাগি
দেবতা মোর উঠিল জাগি,

Bodhi

বন্দী নিশি গেল সে ভাগি
আঁধার পাখা তুলি।
দেউলে মোর দুয়ার গেল খুলি

Shrine

I had built a shrine
Over many days, despite many a sorrow.
To build it, I brought with care
Stones from the hill.

No doors or windows,
The darkness was all-pervasive.

There I was, oblivious of the world outside,
My gaze steadfast
Upon the deity placed at the centre of the shrine.

All asudden, with a terrifying rumble
Thunder crashes on my abode.
A sharp pain pierces my heart,
Like a blazing serpent, cuts through my core.

A door cracks open in the shrine –
Its inside embraces the outside.
With a nudge from the Lord, my deity awakes and
The entrapped night escapes, flapping its dark wings.

Song 9

এ মোহ-আবরণ খুলে দাও, দাও হে ॥
সুন্দর মুখ তব দেখি নয়ন ভরি,
চাও হৃদয়মাঝে চাও হে ॥

Do remove this veil of illusion
Let my eyes have their fill
Let them sight your beautiful face
Do lay your gaze upon my heart

(Gap before reading starts)

Nandini

In our small worlds bound by prejudices and desires, the salvation of the soul is only possible through opening up our minds to the larger universe. The feeling of dissatisfaction gradually withers into a consciousness of union with the 'infinite'.

(Gap before reading)

Bodhi

Somenath

সংস্কার এবং প্রবৃত্তির বেড়া দিয়ে বাঁধা আমাদের ক্ষুদ্র পরিসরে নিখিলের আহ্বান যদি এসে পৌঁছয় - যদি "আপন চৈতন্য প্রসারিত হয় আপন অসীমের" উদ্দেশ্যে তখনই তো অপূর্ণতাকে ক্ষয় করে পূর্ণের সঙ্গে মিলন অনিবার্য হয়ে উঠবে।

(Gap before prelude starts)

Song 10

শ্রান্ত কেন। ওহে পান্থ। পথপ্রান্তে বসে।
একি খেলা।
আজি বহে অমৃতসমীরণ।
চলো চলো। এইবেলা।
তাঁর দ্বারে হেরো ত্রিভুবন দাঁড়ায়ে। সেথা অনন্ত। উৎসব জাগে।
সকল শোভা গন্ধ সঙ্গীত। আনন্দের মেলা ॥

O wayfarer, why do you idle away by the path, listless?
The breeze is heavenly today,
Come along now!
The world waits at the door of the Lord
Festivities abound
With all the beauty, wafting music,
'Tis a carnival of joy!

Nandini

The poet realises: "when I only focus on myself, humanity suffers, fear of death looms, present haunts the future, sorrow becomes so overbearing that I cannot find peace anywhere. Salvation comes when I heed to the call and become one with the universe."

Nahura

শুধু দিনযাপনের শুধু প্রাণধারণের গ্লানি
শরমের ডালি
নিশি নিশি রুদ্ধ ঘরে ক্ষুদ্রশিখা স্তিমিত দীপের
ধূমাংকিত কালি"

Somenath

কবির কাছে স্পষ্ট হয় " কেবল আমার ছোটো আমিকে নিয়েই যখন চলি, তখন মনুষ্যত্ব পীড়িত হয়, তখন মৃত্যু ভয় দেখায়, তখন বর্তমান ভবিষ্যৎ কে হনন করতে থাকে, দুঃখ শোক এমন একান্ত হয়ে আসে যে তাকে অতিক্রম করে কোথাও সান্ত্বনা দেখতে পাই নে।"
মুক্তি আসে প্রাণে – যখন বিশ্ব ভুবনের আহ্বানে সাড়া দিয়ে যুক্ত হয় বিশ্ব – আমির সাথে।

Bodhi

Song 11

আপনারে দিয়ে | রচিলি রে কি এ | আপনারই আবরণ |
খুলে দেখ্ দ্বার | অন্তরে তার আনন্দনিকেতন | আনন্দনিকেতন |
মুক্তি আজিকে নাই কোনো ধারে | আকাশ | সেও যে বাঁধে কারাগারে |
বিষনিশ্বাসে | তাই ভরে আসে | নিরুদ্ধ সমীরণ |
ঠেলে দে আড়াল ঘুচিবে আঁধার | আপনারে ফেল্ দূরে |
সহজে তখনি জীবন তোমার | অমৃতে উঠিবে পূরে।
শূন্য করিয়া রাখ্ তোর বাঁশি, | বাজাবার যিনি বাজাবেন আসি |
ভিক্ষা না নিবি| তখনি জানিবি | ভরা আছে তোর ধন |

You shade your heart with your pride,
You closed your eyes.
Give away and find the land of joy inside.

Freedom is now scarce to find
The sky itself has been confined
The wind fills the lungs with poison.

Push back the screen,
Get rid of the dark,
Keep your pride away.
Your life will fill with
Nectar and with grace.

Hold a silence in your flute,
The Master will make his own tune.
Don't beg for charity, and you'll then receive
A life of plenty.

Nahura

কবিতা 8

হাওয়া লাগে গানের পালে--
মাঝি আমার, বোসো হালে ॥
এবার ছাড়া পেলে বাঁচে,
জীবনতরী ঢেউয়ে নাচে
এই বাতাসের তালে তালে ॥
মাঝি আমার, বোসো হালে ॥

দিন গিয়েছে, এল রাতি,
নাই কেহ মোর ঘাটের সাথি।
কাটো বাঁধন, দাও গো ছাড়ি--
তারার আলোয় দেব পাড়ি,
সুর জেগেছে যাবার কালে ॥
মাঝি আমার, বোসো হালে ॥

Bodhi

The sails of my song billow in the wind
Oarsman, do sit at the helm
Eager to be untethered
The raft of my life dances
To the rhythm of the breeze

Gone has day to make way for night
Not a mate I have with me at the wharf

Unleash all chains, set me afloat
Embark I will in luminous starlight
Melodious a tune surges forth
At this hour of setting sail

Song 12

রহি রহি আনন্দতরঙ্গ জাগে।
রহি রহি প্রভু। তব পরশমাধুরী।
হৃদয়মাঝে আসি লাগে।
রহি রহি শুনি। তব চরণপাত হে।
মম পথের আগে আগে।
রহি রহি মম মনোগগন। ভাতিল।
তব প্রসাদরবিরাগে।
Now and again,
Waves of joy surge
Every so often,
Your pleasant touch brushes against my heart
From time to time,
I hear your footfall, echoing before my path
Every so often,
My heart lights up with your radiance.

Bodhi

Nandini

The call of the universe is felt by the soul. All shackles fall away in joyous celebration. The heart feels the intense pull for tryst with the universe.

Somenath

মর্মতলে বেজে উঠেছে অসীমের শিঞ্জিনী। আনন্দের উল্লাসে আজ ভেসে গেছে পারের বাঁধন, সুতীব্র হয়ে উঠেছে অন্তরের অভিসার।

Song 13
রাখো রাখো রে। জীবনে
জীবনবল্লভে।
প্রাণমনে ধরি রাখো। নিবিড় আনন্দবন্ধনে।
আলো জ্বালো। হৃদয়দীপে।

অতিনিভৃত অন্তর মাঝে।
আকুলিয়া দাও প্রাণ। গন্ধচন্দনে।

Cherish your beloved
With joyful fervour
Light the lamp in the core of your heart
Amid the divine fragrance, offer your life

Nandini

At this juncture, the poet is a deeply engrossed hermit. He realized "Satyam Gyanam Anantam" (True knowledge is infinite). A conciousness is revealed that happiness is not in the absence of sorrow but in the profound fulfillment through sorrow.

Somenath

আত্মোপলব্ধির এই চরম পর্যায়ে কবি হয়েছেন মগ্ন তপস্বী। তিনি জেনেছেন "সত্যঃ জ্ঞানম অনন্তম"। যখন মানুষ উপলব্ধি করে আনন্দ সে তো দুঃখের ঐকান্তিক নিবৃত্তিতে নয়, দুঃখের পরিপূর্ণ চরিতার্থতায়।

Nahura

কবিতা ৫

তোমার অসীমে প্রাণমন লয়ে যত দূরে আমি ধাই--
কোথাও দুঃখ, কোথাও মৃত্যু, কোথা বিচ্ছেদ নাই ॥
মৃত্যু সে ধরে মৃত্যুর রূপ, দুঃখ হয় হে দুঃখের কূপ,
তোমা হতে যবে হইয়ে বিমুখ আপনার পানে চাই॥
হে পূর্ণ, তব চরণের কাছে যাহা-কিছু সব আছে আছে আছে--
নাই নাই ভয়, সে শুধু আমারই, নিশিদিন কাঁদি তাই।
অন্তরগ্লানি সংসারভার পলক ফেলিতে কোথা একাকার
জীবনের মাঝে স্বরূপ তোমার রাখিবারে যদি পাই ॥

When I dive into the deep of Your infinitude
With all my heart and soul
Sorrow there is none, nor death or separation

Death assumes its monstrosity
Sorrow carves its abyss
When I turn away from You
And get drawn to my wee self

O replete bounteousness!
That which finds refuge at Your feet
It exists never to fade
Without a trace of the fear
That only lurks in my mind
And so I lament through night and day

The weight of worldly duties
The torturous angst within
Dissolve in the blink of an eye
If your presence I can house
In my life's abode

Song 14

মন্দিরে মম কে| আসিলে হে| সকল গগন অমৃতমগন |
দিশি দিশি গেল মিশি অমানিশি| দূরে দূরে|
সকল দুয়ার আপনি খুলিল| সকল প্রদীপ আপনি জ্বলিল|
সব বীণা বাজিল| নব নব সুরে সুরে|

Who is it at my temple?
Delight all around,
All darkness disappears into the distance
All doors swing open, on their own
All lamps light up, on their own
The Veena strings out new melodies

Nandini

It is now time to sing the hymn dedicated to the inner beauty the poet felt while searching inwards. The next song was composed in 1910 based on a dhrupad bandish *Aaju Rang Khelata Hori* in Raga Behag.

Somenath

যে সুন্দর কে কবি উপলব্ধি করেছেন ভিতরে এবার এসেছে তার ই আরাধনার পালা। এই ভাবটি খুব সুন্দর ফুটে উঠেছে ১৯১০ সালে রচিত পরবর্তী ভাঙ্গা – গানটির মধ্যে। এটি রাগ বেহাগ এর ধ্রুপদ বন্দিশ ‘আজু রং খেলত হোরি’ অবলম্বনে রচিত।

Song 15

জাগে নাথ| জোছনারাতে| জাগো রে অন্তর| জাগো|
তাঁহারি পানে| চাহো মুগ্ধপ্রাণে|
নিমেষহারা| আঁখিপাতে|
নীরব চন্দ্রমা| নীরব তারা| নীরব গীতরসে| হল হারা|
জাগে বসুন্ধরা| অম্বর জাগে রে|
জাগে রে সুন্দর| সাথে |

Tonight my beloved
Is up in the moonshine.
Come and meet him, dear heart.
Do not close your eyes.

The silence of the moon,

Bodhi

The muteness of the stars
Are musical.

The earth and the sky
Are fully awake
With Beauty.

Nandini

At the peak of his spiritual exploration, Tagore realised: “As the religions drift away from their sacred inspirational source, they transform into narrow sectorial entities closing the paths of harmony among people and accumulate irrational practices and hollow rituals. We forget that the true human desire is not to gather for self, but to surrender to greater good and submission to the universe.”

Somenath

চেতনার শিখরে এসে কবি জেনেছেন - ধর্ম যতই তার পবিত্র উৎস হতে দূরে সরে যায় ততই তার নির্মল অনুপ্রেরণা রূপান্তরিত হয় সাম্প্রদায়িক সংকীর্ণতার বেড়াজালে -- অবরুদ্ধ করে মানুষের ঐক্যের পথ -- পুঞ্জিভূত করে যুক্তিহীন অভ্যাস ও আচার অনুষ্ঠানের শূন্যতা। আমরা ভুলে যাই মানুষের প্রকৃত ইচ্ছা আত্ম সঞ্চয়ে নয় , সমগ্রের মধ্যে সমষ্টির মধ্যে আত্মনিবেদনে।

Song 16
আমি বহু বাসনায় প্রাণপণে চাই। বঞ্চিত করে বাঁচালে মোরে।
এ কৃপা কঠোর সঞ্চিত মোর জীবন। ভ'রে।
না চাহিতে মোরে যা করেছ দান। আকাশ আলোক তনু মন প্রাণ।
দিনে দিনে তুমি নিতেছ আমায়।
সে মহাদানেরই যোগ্য করে।
অতি-ইচ্ছার। সংকট হতে বাঁচায়ে মোরে।
আমি কখনো-বা ভুলি কখনো-বা চলি। তোমার পথের লক্ষ্য ধরে।
তুমি নিষ্ঠুর সম্মুখ হতে। যাও যে সরে।
এ যে তব দয়া জানি জানি হায়। নিতে চাও বলে ফিরাও আমায়।
পূর্ণ করিয়া লবে এ জীবন।
তব মিলনেরই যোগ্য করে। আধা-ইচ্ছার। সংকট হতে বাঁচায়ে মোরে।

Many are the deep desires of my heart
By depriving, you have saved me
This grace of yours is a hard earned treasure
For me to save my whole life long

What you gift, without me wanting
Firmament, light, body, mind, soul
You make me worthy of your greatest gifts
Saving me from the crisis of limitless needs.

Now and then I wander,
Now and then I progress,

Bodhi

In my quest to follow your path
You are ruthless in eluding my sight
I know this to be your mercy
You spurn me to win me over
You steer my life to a completion
You make me worthy of your union
Saving me from the crisis of half-hearted needs.

Song 17

তোমারে জানি নে হে। তবু মন তোমাতে ধায়।
তোমারে না জেনে বিশ্ব। তবু তোমাতে বিরাম পায়।
অসীম সৌন্দর্য তব। কে করেছে অনুভব হে।
সে মাধুরী চিরনব|
আমি না জেনে। প্রাণ সঁপেছি তোমায়।
তুমি জ্যোতির জ্যোতি|
আমি অন্ধ আঁধারে।
তুমি মুক্ত মহীয়ান|
আমি মগ্ন পাথারে।
তুমি অন্তহীন|
আমি ক্ষুদ্র দীন|
কী অপূর্ব মিলন। তোমায় আমায়।

I do not know you yet am drawn to you
Without knowing you, the world still finds comfort in you

Infinite is your beauty
Who can experience it all?
You sweetness is ever so new
Without knowing you I have surrendered my all

You are the radiance of light
I am blinded with darkness
You soar high above
I drown in the depths
You are boundless
I am a mere weakling
What a glorious union – between you and me

Nahura and Somenath

কবিতা ৬

বহি লয়ে অতীতের সকল বেদনা,
ক্লান্তি লয়ে, গ্লানি লয়ে, লয়ে মুহূর্তের আবর্জনা,
লয়ে প্রীতি,
লয়ে সুখস্মৃতি,
আলিঙ্গন ধীরে ধীরে শিথিল করিয়া

Bodhi

এই দেহ যেতেছে সরিয়া
মোর কাছ হতে।
সেই রিক্ত অবকাশ যে আলোতে
পূর্ণ হয়ে আসে
অনাসক্ত আনন্দ-উদ্ভাসে
নির্মল পরশ তার
খুলি দিল গত রজনীর দ্বার।
নবজীবনের রেখা
আলোরূপে প্রথম দিতেছে দেখা;
কোনো চিহ্ন পড়ে নাই তাহে,
কোন ভার; ভাসিতেছে সত্তার প্রবাহে
সৃষ্টির আদিমতারা-সম
এ চৈতন্য মম।
ক্ষোভ তার নাই দুঃখে সুখে;
যাত্রার আরম্ভ তার নাহি জানি কোন্ লক্ষ্যমুখে।
পিছনের ডাক
আসিতেছে শীর্ণ হয়ে; সন্মুখেতে নিস্তব্ধ নির্বাক্
ভবিষ্যৎ জ্যোতির্ময়
অশোক অভয়,
স্বাক্ষর লিখিল তাহে সূর্য অস্তগামী।
যে মন্ত্র উদাত্ত সুরে উঠে শূণ্যে সেই মন্ত্র – 'আমি'।

Bearing all the pain from the past
Exhaustion, shame, wasteful moments
Love and affection, sweet memories as well
Slackening its embrace ever so slowly,
My body disengages from me.
The light that fills vacant moments
With a detached joyful radiance –
Pristine is its touch, that nudges open
Night's door.
The first ray of new life is seen
No trace does it leave behind, no burden
My soul drifts along the wave of "being",
Like the first star created.
Unperturbed by joy or sorrow,
I do not know where it is headed.
The calls from the past fade away.
Ahead, in stunned silence,
Lies the radiant future, fearless, free of grief.
The setting sun puts its signature on it.
Strains of a mantra resounds in the void: "I am".

Bodhi

Nandini

As a summary of the journey for ‘self-realisation’, Tagore writes: “When I was a boy, don’t recall through which horizon, the rays of dawn suddenly revealed all human relations in the light of some enlightened soul. As the life progressed, the paths of those rays became nebulous with mysterious shadows. However, through the journey of my life, have gathered some resources of happiness for support. I have not missed the opportunities of keeping my mind and soul open and pure through experience of all races, castes and creeds. Always prayed for safety, happiness and eternal peace for all life forms. Mankind should not stray from their dignity in the face of loss, sorrow or death but proclaim for eternity, *I am the supreme being*.”

Somenath

‘আত্মপরিচয়’ এর উপান্তে এসে কবি লিখেছেন “সেই একদিন তখন বালক ছিলাম। জানিনে কোন উদয়পথ দিয়ে প্রভাতসূর্যের আলোক এসে সমস্ত মানব সম্বন্ধকে আমার কাছে অকস্মাৎ আত্মার জ্যোতিতে দীপ্তিমান করে দেখিয়েছিল। অন্তরের উদয়াচলে সেই জ্যোতি প্রবাহের পথ নানা কুহেলিকায় আচ্ছন্ন হয়ে গেলো। তা হোক, তবু জীবনের কর্ম ক্ষেত্রে আনন্দের সঞ্চিত সম্বল কিছু দেখে যেতে পারলুম।
সকল জাতির সকল সম্প্রদায়ের আমন্ত্রণে এখানে আমি শুভ বুদ্ধি কে জাগ্রত রাখবার শুভ অবকাশ ব্যর্থ করিনি। বারবার কামনা করেছি - সকল জীব সুখিত হোক, নিঃশত্রু হোক, অবধ্য হোক - দুঃখ আসে তো আসুক, মৃত্যু হয় তো হোক, ক্ষতি ঘটে তো ঘটুক - মানুষ আপন মহিমা থেকে বঞ্চিত না হোক, সমস্ত দেশ কালকে ধ্বনিত করে বলতে পারুক সোহহম ।

Song 18

মহাবিশ্বে | মহাকাশে | মহাকাল-মাঝে |
আমি মানব একাকী | ভ্রমি বিস্ময়ে | ভ্রমি বিস্ময়ে |
তুমি আছ বিশ্বনাথ | অসীম রহস্যমাঝে |
নীরবে | একাকী |
আপন মহিমানিলয়ে |
অনন্ত এ দেশকালে | অগণ্য | এ দীপ্ত লোকে |
তুমি আছ মোরে চাহি | আমি চাহি তোমা-পানে |
স্তব্ধ সর্ব কোলাহল | শান্তিমগ্ন চরাচর |
এক তুমি | তোমা-মাঝে I
আমি একা নির্ভয়ে |

In the vastness of the universe
In the vastness of the skies
In the vastness of time
Why do I, a solitary mortal
Roam around in bewildered wonder

O Lord of the universe
You remain veiled in fathomless mystery
In the silent solitude of your august abode

Bodhi

Transcending all space and time
In each one of the countless universes
You gaze down at me and I look up to you

All tumult is stunned into silence
All of creation is immersed in peace
You are the One
In you I am alone
Fearless I am in You

Bodhi